



চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা ২০২৩ -এর
দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষে শুভেচ্ছা

২০২৪ সালের ১৫ ফেব্রুয়ারি রাজ্যে চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা ২০২৩ - এর আনুষ্ঠানিক সূচনা হয়েছিল। বর্তমানে এই প্রকল্পের সফল বাস্তবায়নের মাধ্যমে ত্রিপুরা রাজ্য সার্বজনীন স্বাস্থ্য পরিষেবা অর্জনের লক্ষ্যে উল্লেখযোগ্য সাফল্য লাভ করেছে। এই জনকল্যাণমূলক প্রকল্পের মূল উদ্দেশ্য হলো রাজ্যের প্রতিটি নাগরিককে বিনামূল্যে উন্নতমানের স্বাস্থ্য পরিষেবা প্রদান করা।

রাজ্যের ২ লক্ষ ৬৬ হাজার ৬৩৭টি পরিবারের মোট ৫ লক্ষ ৮৩ হাজার ৫০২ জন সুবিধাভোগীকে CMJAY-২০২৩ প্রকল্পে আয়ুস্মান কার্ড প্রদান করা হয়েছে। ইতিমধ্যেই প্রায় ৭২ হাজার সুবিধাভোগী রাজ্যের এবং বহিঃরাজ্যের বিভিন্ন তালিকাভুক্ত হাসপাতাল থেকে এই প্রকল্পের আওতায় বিনামূল্যে চিকিৎসা পরিষেবা গ্রহণ করেছেন। প্রায় ৩৭ কোটি ৭২ লক্ষ টাকার চিকিৎসা সংক্রান্ত দাবি নিষ্পত্তি করা হয়েছে, যা এই প্রকল্পের কার্যকরিতা ও জনগণের আস্থার প্রতিফলন।

চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা ২০২৩-এর মাধ্যমে রাজ্যের মানুষের স্বাস্থ্য সুরক্ষার অধিকার আরও সুদৃঢ় হয়েছে। রাজ্য সরকারের লক্ষ্য শুধু চিকিৎসা পরিষেবা প্রদানেই সীমাবদ্ধ নয়, বরং প্রতিটি পরিবারকে স্বাস্থ্য সুরক্ষার নিশ্চয়তা দিয়ে একটি সুস্থ ও উন্নত ত্রিপুরা গড়ে তোলা।

সাধারণ মানুষের চিকিৎসা ব্যয়ের আর্থিক চাপ লাঘব করে এই প্রকল্প রাজ্যের সামাজিক সুরক্ষা ব্যবস্থাকে আরও শক্তিশালী করেছে। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি সুস্থ নাগরিকই সুস্থ সমাজ গড়ে তোলে, আর সুস্থ সমাজই পারে উন্নত রাজ্যের ভিত মজবুত করতে। জনগণের সহযোগিতা ও বিশ্বাসের ভিত্তিতেই আজ রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থা উন্নয়নের নতুন দিগন্তের দিকে এগিয়ে চলেছে। এই গুরুত্বপূর্ণ প্রকল্পের দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষে রাজ্যের সকল নাগরিককে প্রয়োজন অনুসারে এই প্রকল্পের সুবিধা গ্রহণের জন্য আহ্বান জানাচ্ছি। সকলের সুস্থতা ও কল্যাণই আমাদের একান্ত প্রত্যাশা।

ICA/D/1986/26
(15x3)

প্রফেসর (ডাঃ) মানিক সাহা